

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২ মে, ২০১৩/১৯ বৈশাখ ১৪২০

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০২ মে, ২০১৩ (১৯ বৈশাখ ১৪২০) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ—

২০১৩ সনের ১৭ নং আইন

ভোটার তালিকা আইন, ২০০৯ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইলঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ভোটার তালিকা (সংশোধন) আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(২৮১৯)

মূল্য : টাকা ৪.০০

২। ২০০৯ সনের ৬নং আইনের ধারা ৩ এর সংশোধন।—ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬নং আইন) এর ধারা ৩ এর দফা (ক) এর পর নিম্নরূপ নূতন দফা (কক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“(কক) “নাম” অর্থ জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর অধীন নিবন্ধিত বা প্রদত্ত সনদে উল্লিখিত নাম অথবা প্রাথমিক শিক্ষা সমাপনী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের কোন পরীক্ষায় প্রদত্ত সনদে উল্লিখিত নাম ঃ

তবে শর্ত থাকে যে, এই আইনে নামের সংজ্ঞা সংযোজনের পূর্বে প্রণীত ভোটার তালিকায় উল্লিখিত নামের ক্ষেত্রে এই সংজ্ঞা প্রযোজ্য হইবে না;”।

মোঃ মাহফুজুর রহমান
সচিব।

মন্ত্রীর কার্যালয়, স্বাক্ষরস্বাক্ষরকৃত চতুর্থখণ্ডের দ্বারা ২০১৩ সনের ১৫ই মার্চ তারিখে প্রকাশিত।